গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর
শাখা-৪
জাতীয় ক্রীড়া পরিষদ ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা
পল্টন, ঢাকা-১০০০।
www.ccie.gov.bd

**নম্বর:** ২৬.০৩.০০০০.০০০.০০৪.২২.০০০৮.২৫.১৫৩

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

## গণবিজ্ঞপ্তি

বিষয়: **২০২৪-২০২৫ অর্থবছরের পুরাতন কাপড় আমদানির জন্য গণবিজ্ঞপ্তি নং-০১(২০২১-২০২৪)/আমদানি।**

বাণিজ্য মন্ত্রণালয়ের ২৪ মে ২০২৫ তারিখের স্মারক নম্বর: ২৬.০০.০০০০.০০০.১১১.৫৩.০০৬৪.২১.১৫৮ সংখ্যক পত্রের নির্দেশনার আলোকে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর অনুচ্ছেদ ২৫(৮) এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি নীতি আদেশের বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন সাপেক্ষে (শিল্প খাতে নিবন্ধিত আমদানিকারক ব্যতীত) সকল নিবন্ধিত বাণিজ্যিক আমদানিকারকগণ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর হতে ইস্যুকৃত পূর্বানুমতি পত্রের ভিত্তিতে নগদ বৈদেশিক মুদ্রার আওতায় পুরাতন কাপড় আমদানি করতে পারবে। পুরাতন কাপড় আমদানির জন্য এই গণবিজ্ঞপ্তির অনুচ্ছেদ-৫ এ বর্ণিত শর্তাবলি প্রতিপালন করতে হবে।

০২। সমগ্র বাংলাদেশে জেলা কোটায় মোট ৩,০০০ (তিন হাজার) জন আমদানিকারক (সর্বশেষ জনশুমারি অনুযায়ী জনসংখ্যার আনুপাতিক হারে বণ্টনকৃত) জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে নির্বাচন করা হবে। আমদানিকারকদের জন্য জেলাওয়ারি সংখ্যা (কোটা) সংযুক্ত ছক-১ এ উল্লেখ করা হয়েছে। জেলা লটারি কমিটি নিম্নোক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হবে:
(ক) সংশ্লিষ্ট জেলা প্রশাসক------------------------------------------- আহবায়ক
(খ) স্থানীয় শিল্প ও বণিক সমিতির একজন প্রতিনিধি----------------- সদস্য
(গ) আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের একজন প্রতিনিধি-- সদস্য সচিব

৩। আমদানিকারকগণের আমদানি নিবন্ধন সনদ (আইআরসি) অনুসারে রেকর্ডকৃত ঠিকানা যে জেলার আওতাধীন হবে কেবল মাত্র সে জেলার নির্ধারিত কোটার মধ্যে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসকের দপ্তরেই পুরাতন কাপড়ের আমদানিকারক হিসেবে নির্বাচনের জন্য আবেদন দাখিল করতে হবে। প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী আমদানিকারকগণ আগামী **৩০ জুন ২০২৫** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে সংযুক্ত ছক-২ অনুসারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয়ে পুরাতন কাপড়ের আমদানিকারক হিসাবে নির্বাচনের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবেন।

৪। আবেদনের সংখ্যা জেলা কোটার বেশি হলে জেলা কমিটি কর্তৃক প্রকাশ্য লটারির মাধ্যমে পুরাতন কাপড়ের প্রয়োজনীয় সংখ্যক আমদানিকারক নির্বাচন করতে হবে। নির্বাচিত আমদানিকারকদের নাম, ঠিকানা, আইআরসি নম্বর, ব্যাংকের নাম ইত্যাদি তথ্য সম্বলিত একটি তালিকা **৩০ অক্টোবর ২০২৫** তারিখের মধ্যে সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তরের নিকট প্রেরণ করবে এবং তালিকার ১ (এক) টি স্বাক্ষরিত অনুলিপি প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ (NSC) ভবন, লেভেল-১৫, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর বরাবরে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক আমদানি ও রপ্তানি দপ্তর **৩১ ডিসেম্বর ২০২৫** তারিখের মধ্যে পূর্বানুমতি পত্র জারি সম্পন্ন করবেন।

৫। ২০২৪-২০২৫ অর্থ বছরে পুরাতন কাপড় (এইচএস হেডিং ৬৩.০৯ এবং এর বিপরীতে শ্রেণিবিন্যাসযোগ্য সকল এইচএস কোড) আমদানির জন্য নিম্নবর্ণিত শর্তাবলি প্রযোজ্য হবে:-

(১) পুরানো/পরিত্যক্ত কাপড় আমদানির মাধ্যমে দেশের অভ্যন্তরে যাতে কোন প্রকার রোগ-জীবাণু প্রবেশ করতে না পারে সে লক্ষ্যে আমদানিতব্য পুরাতন কাপড় যথাযথ প্রক্রিয়ায় রোগ-জীবাণু মুক্তকরণ সংক্রান্ত রপ্তানিকারক দেশের স্বাস্থ্য/স্যানিটারি কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ আমদানি সংশ্লিষ্ট দলিলাদির সাথে বাধ্যতামূলকভাবে শুল্ক কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে;
(২) পুরাতন কাপড়ের সকল চালানের সঙ্গে রপ্তানিকারক দেশের শিল্প ও বণিক সমিতি হতে এ মর্মে একটি সনদপত্র দাখিল করতে হবে যে, সংশ্লিষ্ট চালানের মধ্যে আমদানি নিষিদ্ধ কোন পণ্য নেই;
(৩) শুধু মাত্র কম্বল, সুয়েটার, লেডিস কার্ডিগ্যান, জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট, পুরুষের ট্রাউজার এবং সিনথেটিক ও ব্লেন্ডেড কাপড়ের শার্ট পুরাতন কাপড় হিসাবে আমদানিযোগ্য হবে;

(৪) প্রত্যেক আমদানিকারকের হিস্যা অনূর্ধ্ব ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা হবে এবং উল্লিখিত হিস্যার মধ্যে পুরাতন কাপড় আমদানির সর্বোচ্চ পরিমাণ নিম্নে সংশ্লিষ্ট পণ্যের পার্শ্বে বর্ণিত ওজনের মধ্যে সীমাবদ্ধ থাকবে, যথা:-

| ক্রমিক নং | পণ্যের নাম | পরিমাণ |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১. | কম্বল | ১ (এক) মে. টন |
| ২. | সুয়েটার | ৩ (তিন) মে. টন |
| ৩. | লেডিস কার্ডিগ্যান | ৩ (তিন) মে. টন |
| ৪. | জীপার জ্যাকেটসহ পুরুষের জ্যাকেট | ৩ (তিন) মে. টন |
| ৫. | পুরুষের ট্রাউজার | ৩ (তিন) মে. টন |
| ৬. | সিনথেটিক ও ব্লেন্ডেড কাপড়ের শার্ট | ১ (এক) মে. টন |

(৫) কোন একজন আমদানিকারক উল্লিখিত ৬ (ছয়) টি পণ্যের মধ্যে একাধিক পণ্য আমদানি করতে চাইলে সেক্ষেত্রে তার প্রাপ্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকার সামগ্রিক হিস্যার মধ্যে সংশ্লিষ্ট পণ্যগুলোর মূল্যের আনুপাতিক হারে নিরূপিত ওজনের মধ্যেই সেগুলোর আমদানি সীমাবদ্ধ থাকবে;

(৬) ২০২৪-২০২৫ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য **২৮ ফেব্রুয়ারি ২০২৬** তারিখের মধ্যে ঋণপত্র খুলতে হবে এবং **৩০ জুন ২০২৬** তারিখের মধ্যে পণ্য জাহাজীকরণ করতে হবে;

(৭) আইআরসিতে উল্লিখিত ব্যাংক কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারকের অনুকূলে ঋণপত্র খোলা হবে;

(৮) যে সকল আমদানিকারক ২০২৪-২০২৫ অর্থবছরে উল্লিখিত পদ্ধতিতে পুরাতন কাপড় আমদানির যোগ্যতা অর্জন করবেন, তারা বর্তমান আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর পরিশিষ্ট-২ এ উল্লিখিত পদ্ধতি অনুসারে যৌথভাবে আমদানির জন্য গোষ্ঠীভুক্ত হতে পারবেন;

(৯) নির্বাচিত আমদানিকারকগণ যাতে আমদানিকৃত পুরাতন কাপড় নিজ নিজ জেলায় নিয়ে যায় সে বিষয়ে সংশ্লিষ্ট কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় তদারকি ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

(১০) যদি কোন আমদানিকারক অথবা ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংক কর্তৃক তথ্য গোপন করে মিথ্যাচারের মাধ্যমে ২০২৪-২০২৫ অর্থবছরে পুরাতন কাপড় আমদানির জন্য নির্দিষ্ট আমদানিযোগ্য ৬ (ছয়) প্রকারের পুরাতন কাপড় ব্যতিরেকে অন্য কোন কাপড় কিংবা পণ্য আমদানি করা হলে শুল্ক কর্তৃপক্ষ বেআইনিভাবে আমদানিকৃত পণ্য বাজেয়াপ্ত করবে। বেআইনি কার্যক্রমের জন্য দায়ী আমদানিকারক ও ঋণপত্র প্রতিষ্ঠাকারী ব্যাংকের বিরুদ্ধে আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজাদি দাখিল করতে হবেঃ

(১) ২০২৪-২০২৫ অর্থবছরের নবায়নকৃত বাণিজ্যিক আমদানি নিবন্ধন সনদপত্রের কপি;

(২) ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বৈধ ট্রেড লাইসেন্সের কপি;

(৩) ২০২৪-২০২৫ কর বৎসরের আয়কর পরিশোধের প্রত্যয়নপত্র/আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র (অনলাইনে যাচাইকৃত হতে হবে);

(৪) আমদানি নিবন্ধন সনদপত্রে উল্লিখিত ব্যাংকের প্রত্যয়নপত্র;

(৫) জেলা শিল্প ও বণিক সমিতি অথবা বাংলাদেশ ভিত্তিক তার নিজ ব্যবসার প্রতিনিধিত্বকারী সংশ্লিষ্ট ট্রেড এসোসিয়েশন হতে বৈধ সদস্যতা সনদপত্রের কপি;

(৫) জাতীয় পরিচয়পত্র কপি;

(৭) প্রতিষ্ঠানের লেটারহেড প্যাডে আবেদনকারীর ৫ (পাঁচ) টি নমুনা স্বাক্ষর (আইআরসিতে উল্লিখিত) মনোনীত ব্যাংকের ম্যানেজার/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার নামের সীলসহ যথাযথভাবে সত্যায়িত কপি;

(৮) Online Licensing Module (OLM)- এ ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে জমাকৃত ফি-১০০০/- (এক হাজার) ও ভ্যাট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার চালান কপি (ফি প্রদানের প্রক্রিয়া)।

সংযুক্তি: ৩ প্রস্থ সংযুক্ত।

০৩-০৬-২০২৫
মোঃ মুনতাসির মাহমুদ
সহকারী নিয়ন্ত্রক
০২৪১০৫০৫৩৬
ac4.ho@ccie.gov.bd

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক (সকল)।
২। একান্ত সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
৩। সকল আঞ্চলিক দপ্তর প্রধান,আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৪। সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), অভ্যন্তরীণ বাণিজ্য-১, বাণিজ্য মন্ত্রণালয়।
৫। প্রশাসক, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই), ঠিকানা: ৬০, মতিঝিল, বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
৬। সভাপতি, জেলা শিল্প ও বণিক সমিতি (সকল জেলা)।
৭। সভাপতি, বাংলাদেশ পুরাতন কাপড় আমদানিকারক সমিতি, ১৪/২,তোপখানা রোড, ঢাকা।
৮। সভাপতি, বাংলাদেশ পুরাতন কাপড় ব্যবসায়ী কল্যাণ সমিতি, ১১৭/৪, আমিন মার্কেট, খাতুনগঞ্জ, চট্টগ্রাম।
৯। নির্বাহী কর্মকর্তা-২, শাখা-৪, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (ওয়েবসাইট এ নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য)।
১০। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (প্রধান নিয়ন্ত্রক মহোদয়ের সদয় অবগতির জন্য)।